



ঘূর্ণিঝড় সিড্রাং পরবর্তী বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম, ও কক্সবাজার জেলার জন্য প্রযোজ্য)

প্রকাশের তারিখ : ২৫ অক্টোবর, ২০২২

- ফসলের জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- জমি থেকে পানি সরে গেলে বোরো বীজতলা তৈরি এবং রবিশস্য বপনের প্রস্তুতি নিন।
- পরিপক্ক ও হেলে পড়া ধান দ্রুত সংগ্রহ করে নিরাপদ স্থানে রাখুন।
- অপরিপক্ক ও হেলে পড়া ধানের পাঁচ/ছয়টি গোছা একসাথে বেঁধে দিন।
- আমন ধান গাছের বর্তমান বৃদ্ধি পর্যায়ে সুগন্ধী জাতে শিষ ব্লাস্ট এবং সংবেদনশীল জাতে (যেমন ব্রি ধান৪৯, ব্রি ধান৭৫, ব্রি ধান৭৯) লক্ষীর গু রোগ দেখা দিতে পারে। শিষ ব্লাস্ট রোগ প্রতিরোধের জন্য ট্রাইসাইক্লোজল গুপের ছত্রাকনাশক যেমন ট্রুপার প্রতি ১০ লিটার পানিতে ৮ গ্রাম ঔষধ অথবা স্ট্রবিন গুপের ছত্রাকনাশক যেমন নাটিভো প্রতি ১০ লিটার পানিতে ৬ গ্রাম ঔষধ ভাল ভাবে মিশিয়ে ৫ শতাংশ জমিতে ৭ দিন ব্যবধানে ২ বার বিকাল বেলা স্প্রে করুন। একইভাবে লক্ষীর গু রোগ প্রতিরোধের জন্য প্রোপিকোনাজল গুপের ছত্রাকনাশক যেমন টিল্ট প্রয়োগ করুন।
- জমি থেকে পানি সরে যাওয়ার পর পুনরায় সবজির বীজ বপন এবং চারা রোপন করুন।
- গবাদি পশু এবং হাঁস-মুরগি নিরাপদ ও শুকনো জায়গায় রাখুন।
- পুকুরে ময়লা পানি প্রবেশ করে থাকলে পরিষ্কার করার জন্য প্রতি শতকে ২৫০-৩০০ গ্রাম চুন প্রয়োগ করুন।

ড. মোঃ শাহ কামাল খান
প্রকল্প পরিচালক

মোবাইল নং +৮৮০১৭১২ ১৮৪২৭৪
Email: kamalmoa@gmail.com